# AKASHVANI (AIR)

## RNU : KOLKATA
## Bengali Text Bulletin

**Date 04-07-2025** **Time: 7.50 P.M.**

---

বিশেষ বিশেষ খবর –

১) দক্ষিণ কলকাতা কসবা ল কলেজে পঠন-পাঠন আগামী সোমবার থেকে আবার শুরু হতে চলেছে।

এদিকে, এই গনধর্ষনের ঘটনার আজ পুনর্নির্মাণ করা হয়।

২) বিজেপি, দলীয় কর্মী অভিজিৎ সরকার হত্যায় মানিকতলার প্রাক্তন বিধায়ক পরেশ পালকে গ্রেফতারের দাবি জানিয়েছে।

ভোট পরবর্তী হিংসায় সিবিআইয়ের দায়ের করা মামলায়, মালদায় অভিযুক্ত প্রাক্তন স্কুল শিক্ষক, তৃণমূল কংগ্রেস নেতা রফিকুল ইসলামকে যাবজ্জীবন কারাদণ্ডে দণ্ডিত করা হয়েছে। রাজ্যের মধ্যে এটি প্রথম ভোট পরবর্তী হিংসার সাজা ঘোষণা।

৩) কলকাতা হাইকোর্ট, রাজ্যের পরিবহন দপ্তরের অবসরপ্রাপ্ত কর্মীদের প্রভিডেন্ট ফান্ডের টাকা আগামী চার মাসের মধ্যে মিটিয়ে দেওয়ার নির্দেশ দিয়েছে।

৪) ভুটান থেকে প্রবাহিত নদীগুলির জলে উত্তরবঙ্গের বন্যা সমস্যার নিরসনে ডুয়ার্সের একাধিক নদীতে ড্রেজিংয়ের পরিকল্পনা নিয়েছে রাজ্যের সেচ দফতর।

৫) মৌসুমী অক্ষরেখা, ঘূর্ণাবর্ত এবং সক্রিয় মৌসুমী বায়ুর প্রভাবে রাজ্যের বেশিরভাগ জেলাতেই আগামী ৫ দিন ভারি বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আলিপুর আবহাওয়া দপ্তর।

---

দক্ষিণ কলকাতা কসবা ল কলেজে পঠন-পাঠন আগামী সোমবার থেকে আবার শুরু হতে চলেছে। সেখানে গণধর্ষণের ঘটনার পর পরিচালন সমিতি কলেজে ক্লাস বন্ধ রাখার সিদ্ধান্ত নিয়েছিল। কিন্তু তা আবার খোলার জন্য কলকাতা হাইকোর্টে আবেদন জানানো হয়। আইনজীবী সোমনাথ মুখোপাধ্যায় আকাশবাণীকে জানিয়েছেন, হাইকোর্ট কলেজে ক্লাস চালু করার অনুমতি দিয়েছে। তবে ইউনিয়ন ও নিরাপত্তা রক্ষীর ঘর খোলা যাবে না। পুলিশের তরফেও কলেজ খোলার অনুমতি মিলেছে বলে তিনি জানান।

উল্লেখ্য পরিচালন সমিতি কেন পঠনপাঠন বন্ধ রাখার সিদ্ধান্ত নিয়েছে শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু তা নিয়ে প্রশ্ন তুলেছিলেন।

এদিকে, দক্ষিণ কলকাতার কসবা ল কলেজে গনধর্ষনের ঘটনার আজ পুনর্নির্মাণ করা হয়। কলকাতা পুলিশের সিটের সদস্য ও লালবাজারের গোয়েন্দা বিভাগের আধিকারিকরা মনোজিত মিশ্র সহ আরো তিন অভিযুক্তকে সেখানে নিয়ে গিয়ে ঘটনার পুনরনির্মান করেন। চার ঘন্টা বেশী সময় ধরে ঐ কাজের সময় বিশাল পুলিশ বাহিনী এলাকা ঘিরে রাখে।

এর আগে ঐ তরুণীকে ঘটনাস্থলে নিয়ে গিয়ে ঘটনার পুনর্নির্মান করেছিল পুলিশ।

এদিকে পুলিশ নিখুঁতভাবে তদন্তের জন্য গোটা কলেজে থ্রি ডি ম্যাপিং-এর কাজ শুরু করেছে।

উল্লেখ্য, গত ২৫ শে জুনের ঐ ঘটনায় মনোজিত মিশ্র, প্রোমিত মুখোপাধ্যায় ও জইব আহমেদকে ৮ ই জুলাই পর্যন্ত পুলিশ হেফাজতে পাঠানো হয়েছে। নিরাপত্তা রক্ষী পিনাকী বন্দোপাধ্যায়কে পুলিশি হেফাজতের মেয়াদ শেষে আজ ফের আদালতে তোলা হয়।

-----------------------------

ধর্ষণের অভিযোগে কার্তিক মহারাজের বিরুদ্ধে দায়ের হওয়া এফআইআর-এর প্রেক্ষিতে আগামী সোমবার পর্যন্ত কোনো পদক্ষেপ না করার নির্দেশ দিয়েছে কলকাতা হাইকোর্ট। রুদ্ধদ্বার কক্ষে শুনানির জন্য কেন আবেদন করা হয়েছে, সে ব্যাপারে আদালত কার্তিক মহারাজের কাছে লিখিতভাবে জানতে চেয়েছে।

-----------------------------

২০১৬-র যোগ্য চাকরিহারা শিক্ষকরা আন্দোলন করতে গিয়ে বিকাশ ভবনে ভাংচুরের অভিযোগ উঠেছিল। হাইকোর্ট এই সংক্রান্ত মামলায় পুলিশকে তদন্তে তাড়াহুড়ো না করে ' গো স্লো 'র নির্দেশ দেওয়ার পরেও বিধান নগর উত্তর থানা চাকরিহারা শিক্ষকদের একের পর এক নোটিস পাঠাচ্ছে বলে যোগ্য শিক্ষকরাহাইকোর্টে অভিযোগ করেছেন।

বিচারপতি তীর্থঙ্কর ঘোষের নির্দেশ, যিনি বা যাঁরা এমন নোটিস পেয়েছেন তারা তা খারিজের জন্য আবেদন করতে পারবেন আদালতে ।

অন্যদিকে কোনো আন্দোলনকারী শিক্ষককে নোটিস না দিতে হাইকোর্ট নির্দেশ দেওয়ার পরেও উচ্চ শিক্ষা দপ্তর তাদের নোটিস পাঠাচ্ছে বলেও কোর্টে অভিযোগ করেছেন দুই চাকরিহারা শিক্ষক চিন্ময় মন্ডল ও সংগীতা ঘোষ। মামলাকারীদের আইনজীবী রাজদীপ মজুমদার আন্দোকারীদের বিরুদ্ধে দায়ের হওয়া FIR খারিজ করে দেওয়ার দাবি করেন। যদিও এদিন আদালত জানিয়ে দিয়েছে , নোটিস নিয়ে আবেদনের শুনানি করার পরে এই নিয়ে বিবেচনা করা হবে।

-----------------------------

বিজেপির প্রাক্তন রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার দলের কর্মীদের উদ্দেশ্যে খোলা চিঠি দিয়েছেন। চিঠিতে তিনি বিজেপিতে যোগদান এবং রাজ্য সভাপতি পদে থাকাকালীন তার অভিজ্ঞতার উল্লেখ করেন। শ্রী মজুমদার বলেন,রাজ্য সভাপতি পদে থাকার সময় বহু ক্ষেত্রে কঠিন সিদ্ধান্ত নিতে হয়েছে। তার জন্য কেউ আঘাত পেয়ে থাকলে তাদের কাছে তিনি ক্ষমাপ্রার্থী। শ্রী মজুমদার জানান,তিনি রাজ্য সভাপতি থাকার সময় ২০২৪ সালে লোকসভা নির্বাচনে রাজ্যে বিজেপির আসন সংখ্যা কমলেও গ্রাম অঞ্চলের মতো শহরাঞ্চলে দলের সংগঠন মজবুত হয়েছে। তাই দলীয় কর্মীদের উদ্দেশ্যে তিনি সবার প্রথম দেশ তারপরে দল এবং সবশেষে নিজের বিষয়ে ভাবার পরামর্শ দেন।

-----------------------------

বিজেপি দলীয় কর্মী অভিজিৎ সরকার হত্যায় মানিকতলার তদানিন্তন বিধায়ক পরেশ পালকে গ্রেফতারের দাবি জানিয়েছে। কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে প্রাক্তন রাজ্য সভাপতি ও কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার ভোট পরবর্তী হিংসায় পরেশ পাল সহ এই ঘটনায় যুক্ত পুলিশ আধিকারিকদের বিরুদ্ধেও গ্রেপ্তারির দাবি জানিয়েছেন। তিনি বলেন,বিচার ব্যবস্থায় এমন নিদর্শন তৈরি হওয়া উচিত যেখানে কোন রাজনৈতিক দল ভোটে জয়লাভের পর বিরোধী দলের কর্মীদের ওপর আক্রমণ করতে না পারে।

-----------------------------

ভোট পরবর্তী হিংসায় সিবিআইয়ের দায়ের করা মামলায় , মালদায় অভিযুক্ত প্রাক্তন স্কুল শিক্ষক, তৃণমূল কংগ্রেস নেতা রফিকুল ইসলামকে যাবজ্জীবন কারাদণ্ডে

দণ্ডিত করা হয়েছে। অতিরিক্ত দায়রা আদালতের দ্বিতীয় বিচারক রাজীব সাহা আজ এই রায় ঘোষণা করেন।একই সঙ্গে ৫০ হাজার টাকা জরিমানা এবং নির্যাতিতার পরিবারকে তিন লক্ষ টাকা ক্ষতিপূরণ দেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে।

ভোট পরবর্তী হিংসায় রাজ্যের মধ্যে এই প্রথম সাজা ঘোষণা। । উল্লেখ্য ২০২১ সালের ৫ই জুন মালদার মানিকচক থানা এলাকায় চতুর্থ শ্রেণীর এক ছাত্রীকে ধর্ষণ করার অভিযোগ উঠেছিল তৃণমূল কংগ্রেস নেতার বিরুদ্ধে। ২০২১ এর বিধানসভা ভোট পরবর্তী রাজনৈতিক প্রতিহিংসার কারণে বিজেপি সমর্থিত পরিবারের ঐ নাবালিকা সদস্যকে রফিকুল ধর্ষণ করেছিলেন বলে সিবিআই পক্ষের আইনজীবী অমিতাভ মৈত্র জানান।

হাইকোর্টের নির্দেশে ৫৫ টি মামলার দায়িত্ব নিয়েছিল সিবিআই। তার মধ্যে প্রথম এই রাজ্যের মালদায় আজ সাজা ঘোষণা হলো। আদালতের এই রায়ে খুশি নির্যাতিতার পরিবার।

-----------------------------

কলকাতা হাইকোর্ট, রাজ্যের পরিবহন দপ্তরের অবসরপ্রাপ্ত কর্মীদের প্রভিডেন্ট ফান্ডের টাকা আগামী চার মাসের মধ্যে মিটিয়ে দেওয়ার নির্দেশ দিয়েছে। বিচারপতি অরিন্দম মুখোপাধ্যায় পরিবহন দপ্তর ও রাজ্য অর্থ দপ্তরের সচিবকে আজ এই নির্দেশ দেন। তিনি বলেন, কর্মীদের চাকরী জীবনের দীর্ঘ সময় যে টাকা কেটে রাখা হয়, তাই এই প্রভিডেন্ট ফান্ডের মাধ্যমে তাদের ফেরত দেওয়া হয়। অবিলম্বে এই বকেয়া পাওনা তাদের মিটিয়ে দিতে হবে।

উল্লেখ্য, পরিবহন দপ্তরের শতাধিক অবসরপ্রাপ্ত কর্মী তাদের প্রভিডেন্ট ফান্ডের টাকা না পাওয়ায় হাইকোর্টের দ্বারস্থ হন। একাধিকবার সেই টাকা মিটিয়ে দেওয়ার নির্দেশ দেওয়া হলেও তা না মেটানোয় বিচারপতি অরিন্দম মুখোপাধ্যায় ক্ষোভ প্রকাশ করেছেন। তিনি আজ পরিবহন দপ্তর ও রাজ্যের অর্থ দপ্তরের সচিব এবং কর্মচারী প্রভিডেন্ট ফান্ডের চেয়ারম্যান ও মদ মিত্রকে আদালতে হাজির হওয়ার নির্দেশ দিয়েছিলেন। আধিকারিকদের তরফে জানানো হয়েছে, যে ১৭ জনের বকেয়া টাকা না মেটানোর অভিযোগ উঠেছিল, তাদের টাকা ইতোমধ্যেই দু দফায় বন্টন করা হয়েছে। কিন্তু মামলাকারীদের তরফে দাবি করা হয়, আরও অন্তত দেড়শো জন অবসরপ্রাপ্ত কর্মীর টাকা বকেয়া রয়েছে। তাদের টাকা চার মাসের মধ্যে মেটানোর নির্দেশ দেয় হাইকোর্ট।

-----------------------------

সুপ্রীম কোর্টের দেওয়া নির্দেশ মেনে দ্রুত পঁচিশ শতাংশ মহার্ঘ ভাতা প্রদান, শূন্য পদে নিয়োগ, বিভিন্ন সরকারি ও আধা সরকারি দপ্তরে কর্মরত চুক্তি ভিত্তিক ও অস্থায়ী কর্মীদের নিয়মিতকরন সহ বিভিন্ন দাবিতে আগামী বুধবারের ডাকা প্রস্তাবিত ধর্মঘটকে সমর্থন করে তারা অংশ নেবে বলে জানিয়ে সরকারি কর্মচারীদের যৌথ সংগঠন সংগ্রামী যৌথ মঞ্চ রাজ্য সরকারকে চিঠি দিয়েছে। সংগঠনের তরফে মুখ্যসচিব মনোজ পন্থ কে লেখা আজকের চিঠিতে এই ধর্মঘট গনতান্ত্রিক ও তাতে অংশ নেওয়ার জন্যে তাদের সাংবিধানিক অধিকার রয়েছে বলে জানানো হয়েছে। একই সঙ্গে তাদের যাবতীয় দাবি দ্রুত পূরন করার আবেদন জানানো হয়েছে। দাবি পূরন না হলে আগামীদিনে পেন ডাউন, গন অনুপস্থিতির মত বিভিন্ন কর্মসূচী হাতে নিয়ে আন্দোলন আরও জোরদার করা হবে বলেও তারা জানিয়েছে।

-----------------------------

ভুটান থেকে প্রবাহিত নদীগুলির জলে উত্তরবঙ্গের বন্যা সমস্যার নিরসনে ডুয়ার্সের একাধিক নদীতে ড্রেজিংয়ের পরিকল্পনা নিয়েছে রাজ্যের সেচ দফতর। খরচ কমাতে নতুন রয়্যালটি ভিত্তিক মডেল নেওয়া হবে। সরকার কোনও অর্থ ব্যয় না করে নদী খাত থেকে তোলা বালি-পাথর উত্তোলনের বিনিময়ে ঠিকাদারদের খননের দায়িত্ব দেবে। ইতিমধ্যে সেচ দফতর জয়ন্তী-সহ উত্তরবঙ্গের একাধিক নদীর সম্ভাব্য খননস্থল চিহ্নিত করে প্রাথমিক সমীক্ষা চালিয়েছে। তবে বক্সা টাইগার রিজার্ভের মধ্যে দিয়ে প্রবাহিত জয়ন্তী নদীর ক্ষেত্রে বন দফতরের ছাড়পত্র প্রয়োজন হবে। ওই ছাড়পত্র মিললেই ড্রেজিংয়ের কাজ শুরু হবে বলে জানা গেছে।

-----------------------------

মৌসুমী অক্ষরেখা, ঘূর্ণাবর্ত এবং সক্রিয় মৌসুমী বায়ুর প্রভাবে রাজ্যের বেশিরভাগ জেলাতেই আগামী ৫ দিন ভারি বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আলিপুর আবহাওয়া দপ্তর। মৌসুমী অক্ষরেখাটি আসানসোল ও কলকাতা হয়ে পূর্ব, দক্ষিণ-পূর্ব দিক থেকে উত্তর-পূর্ব বঙ্গোপসাগরের ওপর বিস্তৃত। অন্যদিকে ঘূর্ণাবর্ত সক্রিয় রয়েছে, গাঙ্গেয় পশ্চিমবঙ্গের উত্তরাংশ ও তার সংলগ্ন এলাকায়। আবহাওয়া দপ্তর সূত্রে জানা গেছে, দুই ২৪ পরগণা, হুগলী, পূর্ব ও পশ্চিম মেদিনীপুর, ঝাড়গ্রাম, মুর্শিদাবাদ, দুই বর্ধমান, পুরুলিয়া, বাঁকুড়া, বীরভূমে আজ বজ্রবিদ্যুৎ সহ ভারী বৃষ্টির সম্ভাবনা। জারি করা হয়েছে হলুদ সর্তকতাও। আগামীকাল বাঁকুড়া পূর্ব বর্ধমান হুগলি এবং নদিয়া জেলায় অতিভারী বৃষ্টি হতে পারে।

অন্যদিকে উত্তরবঙ্গের উত্তরের পাঁচ জেলাতেই বজ্রবিদ্যুৎ সহ মাঝারি থেকে ভারী বৃষ্টি হবে।

তবে ৮ তারিখ থেকে দক্ষিণবঙ্গে বৃষ্টির পরিমান কমবে। উত্তরবঙ্গের জেলাগুলিতে তা বাড়বে বলে আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী সৌরিশ বন্দ্যোপাধ্যায় জানিয়েছেন।

বাইট

কলকাতায় আজ সারাদিনে আকাশ মেঘলা। মাঝেমধ্যেই ঝিরিঝিরি বৃষ্টি হচ্ছে। বিকেল সাড়ে পাঁচটা পর্যন্ত বৃষ্টির পরিমাণ দুই দশমিক ৯ মিলিমিটার। বৃষ্টিতেও তাপমাত্রা বেশ কিছুটা কমেছে। আজ সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ৩০ ডিগ্রি। স্বাভাবিকের তুলনায় যা প্রায় আড়াই ডিগ্রি কম।

-----------------------------

কেন্দ্রীয় বস্ত্র মন্ত্রকের অধীন জাতীয় পাট পর্ষদের উদ্যোগে আজ থেকে শুরু হল সুন্দরবনে সর্বপ্রথম JRCPC প্রশিক্ষণ, চলবে একমাস। এই প্রশিক্ষণ এর মধ্য দিয়ে বেসিক, অ্যাডভান্স ও ডিজাইন ট্রেনিং নিতে পারবে সুন্দরবনের দুস্থ মহিলারা।

অনুষ্ঠানের উদ্বোধন করে জুট কমিশনার মলয় চন্দন চক্রবর্তী বলেন সুন্দরবনে মহিলাদের স্বনির্ভর করার লক্ষ্যকে সামনে রেখে ন্যাশনাল জুট বোর্ডের পক্ষ থেকে এই সর্বপ্রথম একসঙ্গে JRCPC,JRMB,JRO অনুমোদন দেওয়া হয়েছে।

কুলতলী মিলন তীর্থ সোসাইটির সঙ্গে যৌথভাবে আয়োজিত এই প্রশিক্ষণ শিবিরে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন সোসাইটির সভাপতি লোকমান মোল্লা,ন্যাশনাল জুট বোর্ডের অ্যাসিস্ট্যান্ট ডাইরেক্টর মৌসুমী পান্ডে, এস বি এই এর ম্যানেজার শুভার্তি দত্ত প্রমুখ।

----------------------------- -----------------------------